**প্রধানমন্ত্রী ফিলিপাইনসের জন্য শোক প্রকাশ করলেন এবং ত্রাণ ও পুর্নবাসনের উদ্যোগে সাহায্যের প্রতিস্রূতি দিলেন**

ফিলিপাইনসে হাইয়ান টাইফুনের জন্য জীবনহানি ও ক্ষয়ক্ষতির কারণেপ্রে প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিং প্রেসিডেন্ট বেনিগনো অ্যাক্যুইনোর কাছে শোকবার্তা পাঠালেন। এই শোকবার্তায় প্রধানমন্ত্রী লিখেছেন,ফিলিপাইনসের ত্রাণ ও পুর্নবাসন উদ্যোগে ভারত সহযোগিতা করতে প্রস্তুত।

প্রধানমন্ত্রীর বার্তার সারাংশ নিম্নে দেওয়া হলো:

“ হাইয়ান টাইফুন জনিত ভয়াবহ বিপর্যয়ের দরুণ আমি ভারতের জনসাধারণের হয়ে আপনাকে গভীর শোক জানাতে এই বার্তা লিখছি। এই টাইফুনের ফলে মৃত্যু ও ধ্বংসের ব্যাপকতায় আমরা গভীরভাবে মর্মাহিত ও শোকস্তব্ধ। এই অভাবনীয় শোকমুহুর্তে আমরা ফিলিপাইনসের ধ্বংসের শিকার এবং জনসাধারণের জন্য চিন্তিত এবং প্রার্থনা করি।

এই ধরণের ভয়াবহ বিপর্যয়ের পরে যেকোনো দেশের পক্ষে স্বাভাবিক পরিবেশে ফিরে আসা সময়সাপেক্ষ হলেও,আমি বিস্বাস করি ফিলিপাইনসের জনতার সহনশীলতা ও দৃঢ়তায় দ্রূত ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠবেন এবং আপনার সরকারের ক্ষমতায় ক্ষতিগ্রস্তদের আশু ত্রাণ দিয়ে পুনরায় স্বাভাবিক জীবনে ফেরাতে পারবেন।

আপনার সরকারের ত্রাণ ও পুর্নবাসনের উদ্যোগে আমরা পাশে দাঁড়াতে প্রস্তুত। আমার এই প্রতিস্রূতি সর্বাধিক গুরূত্ব দিয়ে গ্রহণ করূন।”

**নয়াদিল্লি**

**১২ নভেম্বর ২০১৩**